

নতুন ধারার দৈনিক

# আমাদের সময়

## পরিবর্তন আসছে না ভর্তি নীতিমালায়

নির্বাচনের আগেই স্কুলে সব প্রস্তুতি

প্রকাশ | ১০ অক্টোবর ২০১৮, ০১:৩৩



অনলাইন ডেস্ক

জাতীয় নির্বাচনের কারণে সরকারি-বেসরকারি স্কুলে ভর্তির কার্যক্রম এগিয়ে আনা হয়েছে। সরকারি স্কুলগুলোয় নতুন শিক্ষাবর্ষের ভর্তি আগামী ১৫ ডিসেম্বরের মধ্যে শেষ করার চিন্তা শিক্ষা প্রশাসনের। ভর্তি নীতিমালায় কোনো পরিবর্তন আসছে না। বেসরকারি কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করেছে।

এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক মো. আবদুল মান্নান আমাদের সময়কে জানান, জাতীয় নির্বাচনের আগেই সব ধরনের পরীক্ষা শেষ করা হবে। একই সঙ্গে নতুন শিক্ষাবর্ষের ভর্তিও ডিসেম্বরের ১৫ তারিখের মধ্যেই শেষ করার চিন্তা করছি। ভর্তি নীতিমালায় কোনো পরিবর্তন আসছে কিনা এমন প্রশ্নে পরিচালক জানান, আগের নীতিমালাটি পরীক্ষা-নিরীক্ষা করে দেখা হয়েছে। কোনো পরিবর্তনের প্রয়োজন দেখছি না।

পুরনো ভর্তি নীতিমালা অনুযায়ী, প্রথম শ্রেণিতে ভর্তি লটারির মাধ্যমে। দ্বিতীয়

থেকে অষ্টম শ্রেণির ভর্তিতে লিখিত পরীক্ষা হবে। ষষ্ঠ শ্রেণিতে প্রাথমিক সমাপনী এবং নবম শ্রেণিতে জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি।

এ ছাড়া ঢাকা মহানগরীর সরকারি ও বেসরকারি স্কুলগুলোয় এলাকার শিক্ষার্থীদের ৪০ শতাংশ কোটা রেখে বাকি ৬০ শতাংশ উন্মুক্ত। ষষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত মোট আসনের ১০ শতাংশ। ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা, ২ শতাংশ প্রতিবন্ধী কোটা, আরও ২ শতাংশ কোটা শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের জন্য সংরক্ষিত।

মহানগরী, বিভাগীয় শহর ও জেলা সদরের সব সরকারি মাধ্যমিক স্কুলে ভর্তির প্রক্রিয়াকরণ অনলাইনে হবে। উপজেলা সদরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলো কেন্দ্রীয় অনলাইন পদ্ধতির মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করবে।

ভিকারননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ আগামী ১০ অক্টোবর থেকে অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ শুরু করে চলবে ২৮ অক্টোবর পর্যন্ত। গত বছর এই প্রতিষ্ঠান ভর্তি শুরু করেছিল ২৫ অক্টোবর। উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে আগামী ৩০ অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি গার্লস স্কুল অ্যান্ড কলেজে আগামী ১৭ নভেম্বর থেকে ভর্তির আবেদন নেওয়া হবে। ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণিতে ভর্তি নেওয়া হবে না। দ্বিতীয় শ্রেণিতে ভর্তি শুরু হবে নভেম্বরের দ্বিতীয় সপ্তাহে। রাজধানীর উইলস লিটল স্কুল অ্যান্ড কলেজ এবং মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ ভর্তি বিজ্ঞপ্তি কয়েক দিনের মধ্যেই প্রকাশ করবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮